বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

"Bangladesh Bank-Authorized Dealers' Forum" এর ৩০তম সভার রেকর্ড নোটস্।

"বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস ফোরাম" এর ৩০তম সভা ০৯/০৬/২০২২ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ফোরামের আহবায়ক ও বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব মোঃ হুমায়ুন কবিরের সভাপতিত্বে বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলাস্থ জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ফোরামের সদস্য ও প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট "ক"তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নতুন যোগদানকারীদের পরিচিতি বিনিময়ের মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বিগত ২৮ তম সভার রেকর্ডনোটস উপস্থাপন করা হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত হয়। অতঃপর বিগত সভার সিদ্ধান্তগুলোর পরিপালন/বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করা হয়। এ পর্যায়ে ২৮তম সভা হতে ৩০তম সভা পর্যন্ত সময়কালে জারিকৃত বৈদেশিক মুদ্রা লেনদেন সংক্রান্ত বিভিন্ন সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের প্রযোজ্য ক্ষেত্রে ব্যাখ্যা প্রদান/স্পষ্টীকরণ করা হয়। অতঃপর উত্থাপিত অন্যান্য বিষয়ে সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
০১।	নগদ সহায়তা/প্রণোদনা সুবিধা প্রদানের ক্ষেত্রে অঙ্গীকারনামা গ্রহণ প্রসংগে।	এইচএসবিসি	এইচএসবিসি'র পক্ষ থেকে প্রতিটি নগদ সহায়তার আবেদনের ক্ষেত্রে আবেদনকারীর কাছ থেকে এককালীন, না-কি প্রতিটি আবেদনপত্রের সাথে প্রযোজ্য স্টাম্পে অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে সে বিষয়ে নির্দেশনা চাওয়া হয়। এ বিষয়ে এফইপিডি'র পক্ষ থেকে বলা হয় যে, নগদ সহায়তার আবেদনপত্রে আবেদনকারী নির্ধারিত পন্থায় অঙ্গীকার প্রদান করে থাকে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী জারিকৃত সার্কুলারে পৃথক কোন নির্দেশনা জ্ঞাপিত নেই।	সকল এডি ব্যাংক
০২।	বৈদেশিক মুদ্রায় ডিসকাউন্টকৃত রপ্তানি বিল মূল্য ব্যবহার প্রসংগে।	ইস্টার্ন ব্যাংক	ইবিএল এর পক্ষ থেকে সভাকে অবহিত করা হয় যে, গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্সের ৮ম অধ্যায়ের ২৫ অনুচ্ছেদ অনুযায়ী ইউজেন্স রপ্তানি বিল বৈদেশিক মুদ্রায় ডিসকাউন্টিং এর সুযোগ রয়েছে। বৈদেশিক মুদ্রায় ডিসকাউন্টকৃত রপ্তানি বিল মূল্য ব্যবহারের বিষয়ে ব্যাংকের পক্ষ থেকে নির্দেশনা চাওয়া হয়। আলোচনায় অংশ নিয়ে সভাকে অবহিত করা হয় যে, গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্সের ৭ম অধ্যায়ের ৪২(i) ও ৪২(ii) অনুযায়ী ডিসকাউন্টের মাধ্যমে প্রাপ্ত বৈদেশিক মুদ্রা মার্জিন হিসাবে সংরক্ষণসহ নগদায়নকৃত অংশ ব্যবসায়িক ব্যয় নির্বাহ করার ক্ষেত্রে বিশেষ কোন নির্দেশনার আবশ্যকতা নেই।	সকল এডি ব্যাংক
০৩।	ইডিএফ ঋণপত্র স্থাপন এবং বাংলাদেশ ব্যাংক থেকে পুনঃঅর্থায়ন প্রসংগে।	ইস্টার্ন ব্যাংক	ইবিএল এর পক্ষ থেকে সভাকে অবহিত করা হয় যে, রপ্তানি বিল ওভারডিউ অবস্থায় থাকলে বাংলাদেশ ব্যাংক থেকে ইডিএফ হতে পুনঃঅর্থায়ন গ্রহণের সুযোগ নেই। কিন্তু রপ্তানি বিল ওভারডিউ থাকা অবস্থায় স্থাপিত উক্ত ইডিএফ ঋণপত্রের বিপরীতে রপ্তানি বিল ক্লিন থাকা সাপেক্ষে ইডিএফ হতে পুনঃঅর্থায়ন গ্রহণ করা যাবে কিনা সে বিষয়ে নির্দেশনা চাওয়া হয়। পাশাপাশি যৌক্তিক কারণে বাংলাদেশ ব্যাংক থেকে পুনঃঅর্থায়ন পাওয়া না গেলে করনীয় সম্পর্কে নির্দেশনা চাওয়া হয়। আলোচনায় অংশ নিয়ে সভাকে অবহিত করা হয় যে, এফই সার্কুলার নং ৪৫/২০১৭ এর ৪(ii) অনুচ্ছেদে রপ্তানিকারকের কোন বিল ওভারডিউ অবস্থায় না থাকলে ইডিএফ থেকে সংশ্লিষ্ট ইডিএফ ঋণপত্রের বিল পুনঃভরণ গ্রহণ করা যাবে। যৌক্তিক কারণে	সকল এডি ব্যাংক

			বাংলাদেশ ব্যাংক থেকে পুনঃঅর্থায়ন পাওয়া না গেলে গ্রাহকের নামে টাকায় কিংবা গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্সের ৭ম অধ্যায়ের ৩৯(iv)(বি) অনুচ্ছেদ এবং ১৬তম অধ্যায়ের ৫(বি) ও ২৩ (বিশেষায়িত অঞ্চলিস্থ প্রতিষ্ঠানের ক্ষেত্রে) অনুচ্ছেদ অনুযায়ী ব্যবস্থা নেয়া যাবে।	
০৪।	Cloud Service ব্যবহার/সাবসক্রিপশন ফি রেমিট্যান্স প্রসঙ্গে।	রেমিট্যান্স পলিসি শাখা-২, এফইপিডি	Cloud Service ব্যবহারের বিপরীতে সাবসক্রিপশন ফি রেমিট্যান্সের ক্ষেত্রে এডি ব্যাংকগুলোর জন্য অভিন্ন নীতি প্রণয়নকল্পে এডি ব্যাংকের মতামত ব্যক্ত করার জন্য এফইপিডির রেমিট্যান্স পলিসি শাখা-২ প্রস্তাব হতে প্রস্তাব করা হয়। গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্সের(ভলিউম-১) ৭ম অধ্যায়ের ৩৭ অনুচ্ছেদ অনুযায়ী ই-ডেলিভারীর মাধ্যমে সফটওয়্যার ক্রয়ের ক্ষেত্রে যথাযথ শুল্কায়ন সম্পন্নের বিপরীতে রেমিট্যান্সের সাধারণ প্রাধিকার জ্ঞাপিত থাকলেও Cloud Service ব্যবহারের রিপরীতে রেমিট্যান্সের ক্ষেত্রে সুনির্দিষ্ট নির্দেশনা না থাকায় Cloud Service ব্যবহারের ক্ষেত্রে কিছু সংখ্যক এডি ব্যাংক Customs Assessment সম্পন্নের পরও রেমিট্যান্স অনুমোদনের আবেদন করছে; আবার কিছু সংখ্যক এডি ব্যাংক আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৬ ধারা অনুযায়ী নির্ধারিত হারে ট্যাক্স/ভ্যাট কর্তনপূর্বক চালানের কপিসমূহ দাখিলপূর্বক রেমিট্যান্স অনুমোদনের জন্য আবেদন করছে। তাছাড়া, বেসিস এর প্রত্যয়নপত্র সংগ্রহের ক্ষেত্রেও গ্রাহক ভিত্তিতে ভিন্নতা পরিলক্ষিত হচ্ছে মর্মে এফইপিডি হতে সভাকে অবহিত করা হয়। সার্বিক আলোচনান্তে, আগামী ৩০ জুন,২০২২ তারিখের মধ্যে এ বিষয়ে ব্যাংকগুলোর মতামত প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	রেমিট্যান্স পলিসি শাখা-২, এফইপিডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ এবং সকল এডি ব্যাংক।
০৫।	বৈদেশিক গ্যারান্টি (ব্যাংক গ্যারান্টি/কর্পোরেট গ্যারান্টি/স্ট্যান্ডবাই লেটার অফ ক্রেডিট) এর বিপরীতে স্থানীয় সাবসিডিয়ারি/কোম্পানির অনুকূলে টাকায় অর্থায়ন প্রসঙ্গে।	বহিঃঋণ ও অনুদান শাখা, এফইপিডি	এইচএসবিসির প্রতিনিধি স্থানীয় সাবসিডিয়ারিদেরকে টাকা অর্থায়ন প্রক্রিয়া সহজতর এবং দ্রুততর করার নিমিত্ত করোনাকালীন সময়ে জারীকৃত এফই সার্কুলার ২৬/২০২০ এবং এফই সার্কুলার ১৭/২০২১ অনুসরণপূর্বক সংশ্লিষ্ট অর্থায়নের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি গ্রহণের বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদানের জন্য প্রস্তাব পেশ করেন। আলোচনায় অংশ নিয়ে এফইপিডির প্রতিনিধি এ মর্মে অভিমত ব্যক্ত করেন যে, বিদেশি গ্যারান্টি বা বিদেশস্থ জামানতের বিপরীতে টাকায় আলোচ্য ঋণের আবেদনের সংখ্যা কম হলেও অর্থায়নের পরিমাণ বেশি হওয়ায়, একাধিক দেশের আইনগত সংশ্লেষ থাকায়, ব্যাংকের টাকায় অর্থায়ন দেশি ও বিদেশি মালিকানাধীন প্রতিষ্ঠানের কাছে সুষমকরণ, বিদেশি ঋণ বা ইক্যুইটি বিনিয়োগ বৃদ্ধি, ঋণ-নীতিমালার যথাযথ প্রয়োগ এবং দেশের Foreign Contingent Asset যথাযথ তদারকিভুক্ত রাখার নিমিত্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক চলমান কেইস টু কেইস অনুমোদন প্রক্রিয়া অব্যাহত রাখা যৌক্তিক। আলোচনান্তে, এ বিষয়ে এইচএসবিসি তাদের লিখিত মতামত এফইপিডিতে জানানোর পর পরবর্তী কার্যক্রম গৃহীত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	বহিঃঋণ ও অনুদান শাখা, এফইপিডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ এবং এইচএসবিসি ব্যাংক।
০৬।	স্থানীয় বৈদেশিক মুদ্রার বিল বাংলাদেশ ব্যাংকের নস্ট্রো ক্লিয়ারিং এর মাধ্যমে নিষ্পত্তি প্রসঙ্গে।	ব্যাংক এশিয়া	স্থানীয় বৈদেশিক মুদ্রার বিল বাংলাদেশ ব্যাংকের নস্ট্রো ক্লিয়ারিং এর মাধ্যমে নিষ্পত্তি বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে ব্যাংক প্রতিনিধিগণ সভাকে জানায় যে, প্রচলিত নিয়ম অনুযায়ী স্থানীয়/অভ্যন্তরীণ বৈদেশিক মুদ্রার বিল FDD এর মাধ্যমে নিষ্পত্তি হয়ে থাকে। এর জন্য ২ থেকে ৩ দিন সময়ের প্রয়োজন হয়। SWIFT এর মাধ্যমে যদি বাংলাদেশ ব্যাংকের Nostro Clearing এ নিষ্পত্তি করা যায় তাহলে সময় এবং Stationery Cost উভয়ই কমে যেতো। সার্বিক আলোচনান্তে, সভার সভাপতি স্থানীয় বৈদেশিক মুদ্রার বিল বাংলাদেশ ব্যাংকের নস্ট্রো ক্লিয়ারিং এর মাধ্যমে নিষ্পত্তির কোনরূপ সুযোগ নেই মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন।	সকল এডি ব্যাংক

০৭।	এডি লাইসেন্স ইস্যুর ব্যাপারে বিধিবহির্ভূত/অগ্রহনযোগ্য পন্থায় ব্যাংক কর্মকর্তাদের আবেদন/অনুরোধ প্রসঙ্গে।	নির্বাহী পরিচালক ও সভার সভাপতি	এডি লাইসেন্স ইস্যুর ক্ষেত্রে প্রচলিত বিধি ও রীতি অনুসরণপূর্বক ব্যাংকের প্রধান কার্যালয় হতে আবেদন করা হলে তা বিবেচনা করা হয়ে থাকে। কিন্তু অনেক সময় কতিপয় ব্যাংক কর্মকর্তা/ব্যাংকের শাখা প্রধান নতুন এডি লাইসেন্স ইস্যুর বিষয়ে বাংলাদেশ ব্যাংকে মোবাইল/ফোনে বারংবার অনুরোধ করেন। সভার সভাপতি এ বিষয়ে অনানুষ্ঠানিক পন্থায় বিধিবহির্ভূত/নিয়মবিরুদ্ধ কোন ধরণের আবেদন করার বিষয়ে কঠোরভাবে নিরুৎসাহিত করেন। এ ধরণের কর্মকান্ড অসদাচরণ হিসেবে গণ্য করতঃ সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে আনুষ্ঠানিকভাবে ব্যবস্থা নেয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল এডি ব্যাংক
০৮।	Firm Contract সংক্রান্ত কতিপয় বিষয় স্পষ্টীকরণ প্রসঙ্গে।	অগ্রনী ব্যাংক লিঃ	GFET-2018, Vol-I, Chapter-7, Section-ii, Page-35,Para-23-(a) এ বর্ণিত "Firm Contract" বলতে কি ধরনের Contract কে বোঝানো হয়েছে এবং এই ধরণের Contract এ কি কি থাকতে হবে প্রভৃতি বিষয় নিয়ে সভায় আলোচনা হয়। এই ধরণের বিষয়ে কোনরূপ ব্যাখ্যা দেয়ার অবকাশ নেই মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়; কারণ ঋণপত্র স্থাপনের পর কন্ট্রাক্টের আর কার্যকারিতা থাকে না।	সকল এডি ব্যাংক
০৯।	অনলাইনে মূল্য পরিশোধের ক্ষেত্রে আন্তর্জাতিক ক্রেডিট কার্ডের ব্যবহার প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	আন্তর্জাতিক ক্রেডিট কার্ডের মাধ্যমে অনলাইনে মূল্য পরিশোধের ক্ষেত্রে পণ্য ক্রয়ের রশিদ সংগ্রহ করাকে ব্যাংকের জন্য বাধ্যতামূলক না করতঃ গ্রাহকদের কার্ডের মাধ্যমে অনলাইন কেনাকাটা চালিয়ে যাবার অনুমতি প্রদান করতে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি সভায় মতামত ব্যক্ত করেন। বিদ্যমান বিধি মোতাবেক অনলাইনে Physical goods ক্রয়ের ক্ষেত্রে বিল অব এন্ট্রি লাগবে এবং service ক্রয়ের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৬ ধারা অনুযায়ী নির্ধারিত হারে ট্যাক্স/ভ্যাট কর্তনপূর্বক প্রয়োজনীয় রিপোর্টিং সম্পন্ন করতে হবে মর্মে এফইপিডির প্রতিনিধি সভাকে অবহিত করেন। e-commerce ব্যবস্থায় লেনদেনের বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সুপারিশ অনুযায়ী তিনটি কমিটি কাজ করছে এবং এ বিষয়ে সরকারী পর্যায়ের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তীতে ব্যাখ্যা প্রদান করা হবে মর্মেও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়।	সকল এডি ব্যাংক
১০।	বাংলাদেশ ব্যাংকে রক্ষিত হিসাবের আর্থিক বিবরণীসমূহ স্বয়ংক্রিয় ভাবে দৈনিক ভিত্তিতে সুইফট সিস্টেমের মাধ্যমে অথবা ইমেইলের মাধ্যমে প্রেরণ প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	বর্তমানে বাংলাদেশ ব্যাংক তাদের সাথে বিভিন্ন এডি ব্যাংক সমূহের স্থানীয় মুদ্রায় এবং বৈদেশিক মুদ্রায় রক্ষিত ক্লিয়ারিং হিসাবের আর্থিক বিবরণী সমূহ হার্ড কপি আকারে প্রদান করে আসছে যা ব্যাংক সমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগন ম্যানুয়্যাল পদ্ধতিতে সংশ্লিষ্ট নস্ট্রো সমন্বয় সিস্টেমে এন্ট্রি করেন। বিষয়টি সময় সাপেক্ষ এবং ভুল ডাটা এন্ট্রি হওয়ারও ঝুঁকি তৈরি করে মর্মে উল্লেখ করে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি এ সমস্ত হিসাবের আর্থিক বিবরণীসমূহ সুইফট্ সিস্টেমের বিশ্বস্ত চ্যানেলের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যাংকের সুইফট আইডিতে সরাসরি প্রেরণ করার জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, এ ক্ষেত্রে প্রতিটা ব্যাংকের নির্দিষ্ট ব্যক্তিকে User ID দেয়ার কাজ চলমান রয়েছে। ফলশ্রুতিতে, তারা নিজেরাই সংশ্লিষ্ট আর্থিক বিবরণীসমূহ দেখতে পারবেন।	সকল এডি ব্যাংক
১১	এফই সার্কুলার পত্র নং-৩৩/২০২১ এর কতিপয় বিষয় স্পষ্টীকরণ প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের পক্ষ থেকে এফই সার্কুলার পত্র নং ৩৩/২০২১ এর বিষয় আলোকপাত করা হয়। বাংলাদেশে কর্মরত বিদেশী নাগরিকদের বেতন-ভাতার নীট অংশের ৮০ শতাংশ বিদেশে প্রেরণ এবং আয়কর নিষ্পত্তিসহ ব্যাংক হিসাবের স্থিতি থাকা সাপেক্ষে অবশিষ্টাংশ বিদেশে প্রেরণের নতুন নীতিমালার বিষয়ে ব্যাংকের প্রতিনিধির পক্ষ থেকে সাধুবাদ জানানো হয়। সংশোধিত বিধিবিধান পূর্ববর্তী সময়ের অর্থ চলতি সময়ে প্রেরণের ক্ষেত্রে প্রযোজ্য হবে কিনা সে বিষয়ে ব্যাংকের পক্ষ থেকে নির্দেশনা চাওয়া হয়। এফইপিডি'র পক্ষ থেকে আলোচনায় অংশ নিয়ে সভাকে	সকল এডি ব্যাংক

			অবহিত করা হয় যে, রেমিট্যান্সের ক্ষেত্রে সার্কুলার জারির তারিখ থেকে নতুন নির্দেশনা কার্যকরী হবে।	
১২	স্বল্প মেয়াদি ও মধ্যম/দীর্ঘ মেয়াদি বৈদেশিক ঋণের সুদ হার একই হওয়ার বিষয়টি নিষ্পত্তি সংক্রান্ত।	বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ	GFET-2018,Vol-I, Chapter-15 এর para-7 ও বিআরপিডি সার্কুলার লেটার নং-৩১, তারিখঃ ১৮/০৬/২০২০ এ জ্ঞাপিত নির্দেশনা অনুসারে এফইআইডি কর্তৃক মধ্যম/দীর্ঘ মেয়াদি বৈদেশিক ঋণ গ্রহণের আবেদন বিবেচনাকালে সুদের হার স্বল্প মেয়াদি ঋণের ন্যায় 6 Month LIBOR + 3.50% p.a. কে ভিত্তি ধরে বিবেচনা করা হয়। এক্ষেত্রে স্বল্প মেয়াদি ও মধ্যম/দীর্ঘ মেয়াদি ঋণের সুদ হার একই হওয়ায় বিভিন্ন সময়ে ব্যাংক কর্তৃক আপত্তি উত্থাপিত হয়। আলোচ্য বিষয়ে এফইপিডিকে এফইআইডির সাথে আন্তঃবিভাগীয় আলোচনাপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	এফইএমপি, এফইপিডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।

পরিশেষে সভায় যোগদানপূর্বক মূল্যবান অবদান রাখার জন্য উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ হুমায়ুন কবির)
আহবায়ক, বিবি-এডি ফোরাম
ও
নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক।